



ছাত্রদের রাজনীতি হইতে রক্ষার জন্য জাতীয় ঐকমত্যে পৌঁছিতে হইবে

প্রেসিডেন্ট হুসেইন মুহাম্মদ এরশাদ গতকাল (রবিবার) বলিয়াছেন যে, তাঁহার সরকার যে গণতান্ত্রিক পদ্ধতি শুরু করিয়াছেন উহা উন্নয়ন প্রক্রিয়ায় জনগণের সক্রিয় অংশ গ্রহণের মাধ্যমে ইনশাআল্লাহ উজ্জ্বল ভবিষ্যতের পথ রচনা করিবে। ঝিকরগাছা (যশোর) হইতে বাসস জানায়, প্রেসিডেন্ট গতকাল সকালে বাংলাদেশ সশস্ত্র বাহিনীর যশোর এলাকার শীতকালিন যৌথ

মহড়া ও প্রশিক্ষণ কর্মসূচী প্রত্যক্ষ করার জন্ম এখানে আগমনের পর স্থানীয় প্রাথমিক বিদ্যালয় ময়দানে এক বিরাট স্বতঃস্ফূর্ত সমা (শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

এরশাদ

(১ম পৃঃ পর)

বেশ ও দুইটি পথ সম্ভায় বক্তৃতা করেন। সর্বস্বরের হাজার হাজার মানুষ প্রেসিডেন্টকে দেখা ও তাঁহার বক্তব্য শ্রবনের জন্য প্রাথমিক বিদ্যালয় ময়দান, প্রশিক্ষণ এলাকার প্রান্তসীমা এবং পথিপাশে সমবেত হয়।

প্রেসিডেন্ট এরশাদ বলেন যে, ময়দানে বিপুল জনসমাবেশ পুনরায় প্রমাণ করিয়াছে যে, জনগণ তাঁহার সরকারের নেতৃত্বে নতুন আশা ও সুন্দর ভবিষ্যতের আশাস লাভ করিয়াছে। প্রেসিডেন্ট এরশাদ বলেন, উপজেলা ভিত্তিক উন্নয়ন কার্যক্রম এবং বিভিন্ন সংস্কারমূলক পদক্ষেপের মাধ্যমে জাতীয় অর্থনীতির পুনর্জাগরণে সরকারের নিরলস প্রয়াসের ফলেই ইহা সম্ভব হইয়াছে।

শিক্ষাঙ্গণে জ্ঞান আহরণের উপযোগী সুস্থ পরিবেশ না থাকা সম্পর্কে প্রেসিডেন্ট এরশাদ বলেন যে, জাতীয় সংসদের চলতি বৎসরের প্রথম অধিবেশনের উদ্বোধনী ভাষণে তিনি এই বিষয়ে দেশবাসীর দৃষ্টি আকর্ষণ করিয়া শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার পরিবেশ উন্নয়নে ঐক্যমত্যের আহ্বান জানাইয়াছেন। প্রেসিডেন্ট এরশাদ বলেন, শিক্ষা জাতির মেরুদণ্ড। আমরা যদি শিক্ষার উপযোগী পরিবেশ পুনঃপ্রতিষ্ঠায় ব্যর্থ হই তাহা হইলে আমাদের ভবিষ্যৎ নাগরিকদের শিক্ষা জীবন ব্যর্থ হইবে এবং উন্নয়নের জাতীয় প্রয়াসে বিকল্প প্রতিক্রিয়া সৃষ্টি করিবে।

প্রেসিডেন্ট এরশাদ বলেন, দলীয় রাজনীতিতে ছাত্র সমাজের খুব বেশী অংশগ্রহণ প্রকৃতপক্ষে সুস্থ শিক্ষার পরিবেশ ধ্বংস করিতেছে এবং এমনকি উহা শিক্ষাঙ্গণে গুণগরি ও অস্ত্রের স্বনবনানির উদ্ভব ঘটাইয়াছে। ফলে সুস্থ পরিবেশে শিক্ষা গ্রহণে আগ্রহী অধিকাংশ ছাত্র শিক্ষালাভে বঞ্চিত হইতেছে।

প্রেসিডেন্ট এরশাদ বলেন সর্বোচ্চ বিদ্যাপীঠে পরিস্থিতি এমন পর্যায়ে পৌঁছিয়াছে যে, এমনকি বিরোধী দলীয় সংসদ সদস্য এবং নেতৃস্বন্দও পরিস্থিতি আরম্ভে আনার দাবী জানাইয়াছেন। ইহা প্রকৃত জাতীয় স্বার্থে একটি স্বাগত প্রতিক্রিয়া।

প্রেসিডেন্ট এরশাদ বিদ্যাপীঠে অবনতিশীল পরিস্থিতির গুরুত্ব গভীরভাবে অনুধাবন এবং ভবিষ্যৎ নাগরিকদেরকে রাজনীতির ঘূর্ণাবর্ত হইতে রক্ষার উদ্দেশ্যে একটি জাতীয় ঐকমত্যে পৌঁছানোর জন্ম সকলের প্রতি আহ্বান জানান। তিনি আশা প্রকাশ করেন যে, জাতীয় সংসদের ৩৩০ জন সদস্য দেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার পরিবেশ সৃষ্টির জন্য সর্বসম্মত অবস্থানে পৌঁছিবেন।

প্রেসিডেন্ট এরশাদ তৈল প্রাপ্তির কথা উল্লেখ করিয়া বলেন আল্লাহর অনুগ্রহে খনিজ সম্পদসহ প্রাপ্ত সকল সম্পদ জনগণের কল্যাণে সর্বোত্তম ব্যবহার করা হইবে।